

## গাজীপুরে বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান সম্মেলন

প্রতিনিধি, গাজীপুর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বেগম সুফিয়া কামাল অডিটোরিয়ামে রোববার দু'দিনব্যাপী ২৩তম বাংলাদেশ বিজ্ঞান সম্মেলন শেষ হয়েছে। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আকম মোজাম্মেল হক এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, বিজ্ঞানীদের অবদানের ফলে দেশ আজ মধ্যম আয়ের দেশ হিসেবে এগিয়ে যাচ্ছে। আগামী দিনে তাদের আবিষ্কার এবং গবেষণালব্ধ প্রযুক্তিজ্ঞান দিয়ে ২০৪১ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। তিনি বিজ্ঞানীদের উদ্দেশে বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে- এগিয়ে যাবে, এ যাত্রা পথের অগ্রপথিক হবেন আমাদের দেশের বিজ্ঞানীরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর এবং বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতির সভাপতি প্রফেসর ড. শহীদ আজহার হোসেনের সভাপতিত্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান চিফ প্যান্ডেলর হিসেবে বক্তব্য রাখেন। এ সময় আরও বক্তব্য রাখেন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মো. আলাউদ্দিন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. রফিকুল ইসলাম মওল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস।

বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতির সহায়তায় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এ সম্মেলনে ৯টি সেশনে মোট ২৪০টি গবেষণাপত্র উপস্থাপন করা হবে। সম্মেলনে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ থেকে আগত প্রায় ৭০০ বিজ্ঞানী অংশ গ্রহণ করছেন।